

বাগাতিপাড়ার প্রাথমিক বিদ্যালয় চালাচ্ছেন ভারপ্রাপ্তরা

বাগাতিপাড়া (নাটোর)

প্রতিনিধি

১৬ মার্চ ২০২৩ ১২:০০

এক্সেম | আপডেট: ১৫ মার্চ

২০২৩ ১১:৩০ পিএম

বাগাতিপাড়া
আমাদের মমতা

advertisement

বাগাতিপাড়া উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে রয়েছে প্রধান শিক্ষকের শূন্যতা। তাই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করতে হচ্ছে ভারপ্রাপ্তদের। সহকারী শিক্ষক পদেও রয়েছে শিক্ষক সংকট। এসব বিদ্যালয়ে শিক্ষক সংকটের কারণে কোমলমতি শিশুদের মানসম্মত পড়ালেখা ক্রমশ হ্রাস পাচ্ছে। সে সঙ্গে অতিরিক্ত দায়িত্ব পালন করতে গিয়ে হিমশিম খেতে হচ্ছে ওইসব প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসসূত্রে জানা যায়, উপজেলায় ৫৬টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। যার মধ্যে প্রধান শিক্ষক পদে কর্মরত রয়েছেন ৩৯ জন। আর ভারপ্রাপ্ত দায়িত্ব দিয়ে চলছে ১৭টি প্রাথমিক বিদ্যালয়। এসব বিদ্যালয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকই চালাচ্ছেন দাপ্তরিক কার্যক্রম। সহকারী শিক্ষক পদ শূন্য রয়েছে ১২টি। বিগত শিক্ষক নিয়োগে ২৪ জন নতুন শিক্ষক পদায়ন হলেও যোগদান করেননি একজন। নাম প্রকাশে অনিচ্ছুক প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষক বলেন, অনেক সময় কিছু শিক্ষক অসুস্থ এবং মাতৃস্বকালীন ছুটিতে থাকেন, আবার কেউ কেউ থাকেন

পিটিআই ট্রেনিংয়ে। যার ফলে শিক্ষক সংকট ও স্বল্পতার কারণে দায়িত্বরত শিক্ষকদের পাঠদানে হিমশিম খেতে হয়। লোকমানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও শিক্ষক নেতা কামরুল ইসলাম বলেন, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে প্রতিষ্ঠান চালানোর কারণে ওই প্রতিষ্ঠানগুলোর লেখাপড়ার মান বিঘ্নিত হচ্ছে। আর এ সমস্যা দীর্ঘদিন থেকেই চলছে। অবিলম্বে প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষকদের পদ পূরণের জোর দাবিও জানান তিনি। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ড. সাবরিনা আনাম বলেন, প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে ওই সব প্রতিষ্ঠান পরিচালনা করা হচ্ছে। প্রধান শিক্ষক পদে দীর্ঘদিন নিয়োগ না থাকায় এই সমস্যার সৃষ্টি হয়েছে। নিয়োগ হলেই এ সমস্যার সমাধান হবে বলেও জানান তিনি।